বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
বিএসএল অফিস কমপ্লেক্স-২ (তৃতীয় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

নম্বর: ৩৭.২৮.০০০০.১০২.১১.০০১.২৬-৩৭৩

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

## নিয়োগপত্র

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর বাছাই কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ অনুযায়ী এস.আর.ও নং- ২৯৬-আইন/২০২১ অনুযায়ী কাউন্সিলের রাজস্বখাতভুক্ত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | মেধাক্রম | রোল | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | ৮ | ১২০৩৪৪৭ | নাদিয়া সুলতানা শিলা<br>পিতা: মো: মোফাজ্জেল হোসেন<br>মাতা: মমতাজ বেগম | গ্রাম: বাকেরগঞ্জ বন্দর, থানা মসজিদের বিপরীতে,<br>ডাকঘর: সাহেবগঞ্জ<br>পোস্ট কোড: ৮২৮০<br>উপজেলা: বাকেরগঞ্জ<br>জেলা: বরিশাল | গ্রাম: বাকেরগঞ্জ বন্দর, থানা মসজিদের বিপরীতে,<br>ডাকঘর: সাহেবগঞ্জ<br>পোস্ট কোড: ৮২৮০<br>উপজেলা: বাকেরগঞ্জ<br>জেলা: বরিশাল |

২। শর্তাবলী:

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২. চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;

৩. চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপটেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

৫. চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

৬. The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

৭. চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

৮. নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশি হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশি থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

৯. চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;

১০. চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;

১১. প্রার্থীর চাকরি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এবং বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এবং প্রবর্তিতব্য বিধি-বিধান অনুযায়ী নিয়ন্ত্রিত হবে;

১২. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

১৩. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ৩০ জুন ২০২৬ তারিখ রোজ মঙ্গলবার এর মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে। উল্লিখিত প্রার্থীর স্থায়ী ঠিকানায় নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

০৯/০৬/২০২৬

প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম
সচিব
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
মোবাইল নম্বর: ০১৩২১-১৪৯৯৯৮
ইমেইল: secretary.bac.gov@gmail.com

নম্বর: ৩৭.২৮.০০০০.১০২.১১.০০১.২৬-৩৭৩

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ০৯ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৪। পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৫। পরিচালক (অর্থ, পরিকল্পনা), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৬। সিভিল সার্জন, ---------------------------
৭। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপপরিচালক), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯। প্রোগ্রামার, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। জনাব -------------------------------------------------------------------------------------------------------------;
১১। অফিস কপি;

০৯/০৬/২০২৬

প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম
সচিব
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ফোন: ০২- ২২২২২৪১৭১
মোবাইল নম্বর: ০১৩২১-১৪৯৯৯৮
ইমেইল: secretary.bac.gov@gmail.com